

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/12/2019

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

**ট্রান্স্প রূপান্তরকামীদের সৈন্যবাহিনীতে নিষিদ্ধ ঘোষণা করেছেন বলে, গভর্নর কুওমো চাকরি হারানো রূপান্তরকামী কর্মরত সদস্যদের সহায়তা করার জন্য স্টেটের এজেন্সিগুলিকে নির্দেশ দিয়েছেন**

"প্রেসিডেন্ট ট্রাম্পের, সৈন্যবাহিনীতে রূপান্তরকামীদের নিষিদ্ধ ঘোষণা করা, আমাদের দেশে সকলের জন্য সমান অধিকার নিশ্চিত করার প্রতিশ্রুতির একটি অবমাননা। প্রেসিডেন্টের নীতি আমাদের সমস্ত সেনাবাহিনীতে বৈষম্য প্রকাশ করে, জাতীয় নিরাপত্তাকে ক্ষতিগ্রস্ত করে, এবং সাহসিকতা এবং স্বার্থত্যাগের পুরস্কার দেয় ঘৃণা দিয়ে।

নিউ ইয়র্কে, আমাদের সৈন্যবাহিনী এবং রূপান্তরকামী কমিউনিটির সাথে কাধে কাধ মিলে দাঁড়াই এবং অসহিষ্ণুতার জন্য শূণ্য সহনশীলতা নীতি মেনে চলি। সমস্ত রূপান্তরকামী মানুষ যাতে স্টেটের মানবাধিকার আইন অনুযায়ী সুরক্ষিত থাকে তা নিশ্চিত করতে আমরা 2015 সালে গর্ভের সাথে পদক্ষেপ নিয়েছিলাম, এবং এই বছর জেন্ডার এক্সপ্রেশন ননডিসক্রিমিনেশন আইনের (Gender Expression Nondiscrimination Act) মাধ্যমে আমরা সেই সুরক্ষাগুলি সকলের জন্য চিরস্থায়ীভাবে কার্যকর করেছি।

এই যুক্তরাষ্ট্রীয় প্রশাসন যখন গোঁড়ামি এবং বিভাজন দ্বারা চালিত হচ্ছে, সেই সময় নিউ ইয়র্ক ঠিক তার বিপরীত পথে চলেছে। আমি প্রাক্তন সেনাদের পরিষেবা বিভাগ (Division of Veterans' Services), মিলিটারি এবং নৌসেনা সম্পর্কিত দপ্তর (Division of Military and Naval Affairs), এবং মানবাধিকার বিভাগকে (Division of Human Rights), ঘৃণিত যুক্তরাষ্ট্রীয় নীতির কারণে চাকরি হারানো রূপান্তরকামী কর্মী সদস্যদের প্রয়োজনীয় সমস্ত পরিষেবা ও সংস্থান প্রদান করার নির্দেশ দিচ্ছি।

রূপান্তরকামী কর্মী সদস্যদের, আপনাদের পরিবারবর্গকে, এবং সরকারী পোশাক পরিহিত সমস্ত নিউ ইয়র্ক বাসীদের জানাই, আমরা আপনাদের পাশে আছি এবং আপনাদের সহায়তা করতে আমরা আমাদের সাধ্যমতো সবকিছু করব। নিউ ইয়র্কে, আমরা সাম্যে বিশ্বাস করি এবং সকলের মর্যাদা ও সন্মান নিশ্চিত করতে লড়াই করা কখনও বন্ধ করবো না।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)